FEB. 0 2001

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৬ ...

সরকারের সঙ্গে সমঝোতা

# শিক্ষকদের ১০ শতাংশ বর্ধিত বেতন সংক্রান্ত প্রজ্ঞাপন শিগগিরই

বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষকদের গত বছরের জুলাই থেকে বকেয়াসহ ১০% বর্ধিত বেতন সংক্রান্ত সরকারি প্রজ্ঞাপন শিগগিরই জারি করা হবে এবং ২৪শে আগস্ট, ২০০০ পর্যন্ত বিধি মোতাবেক নিয়োগকৃত শিক্ষকদের (তৃতীয় বিভাগসহ) এমপিও ভুক্তির প্রক্রিয়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে শিগগিরই শুরু করা হবে।

শিক্ষকদের পেশাগত বিভিন্ন বিষয় এবং নকল প্রতিরোধ ও শিক্ষক প্রশিক্ষণসহ শিক্ষার মান উন্নয়ন নিয়ে মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষা সচিব ড. সা'দত হুসাইনের সভাপতিত্বে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিনিধিবৃন্দ ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের এক বৈঠকে এ তথ্য প্রকাশ করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (প্রশাসন) মো. নূরুজ্জামান মিয়া, যুগ্ম সচিব মো. সাখাওয়াত হোসেন, উপ-সচিব মো. আতোয়ার রহমান, সিনিয়র সহকারী সচিব (বাজেট) রাধারমণ ভৌমিক ও সিনিয়র সহকারী সচিব মো. সাবের হোসেন এবং ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মো. আজিজুল ইসলাম, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, কলেজ শিক্ষক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক, দপ্তর সম্পাদক উপাধ্যক্ষ আবদুর রব মিয়া ও পরিবেশ বিষয়ক সম্পাদক উপাধ্যক্ষ নূরুন নবী সিদ্দিকী, বাংলাদেশ শিক্ষক সমিতির সহ-সভাপতি মো. আবদুল হাই, মহাসচিব মো. শহীদ উল্লাহ, সাংগঠনিক সম্পাদক মো. আজিজুর রহমান।